

বগুড়ায় কলেজ শিক্ষক ও আইটি বিশেষজ্ঞ গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক, বগুড়া

৬ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ৬ আগস্ট ২০১৯ ০০:১২



বগুড়া
আমাদের সময়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বেশ কয়েকজন মন্ত্রী ও পদ্মা সেতু নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে গুজব ছড়ানোর অভিযোগে বগুড়া সাইবার ক্রাইম ইউনিট দুই জনকে গ্রেপ্তার করেছে। গতকাল সোমবার সকালে তাদের গ্রেপ্তার করা হয়। তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে বগুড়া সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

গ্রেপ্তারকৃতদের একজন কলেজশিক্ষক ও অন্যজন আইটি বিশেষজ্ঞ। তারা হলেন শহরের ঝোপগাড়ি এলাকার বাসিন্দা সোনাতলা ডিগ্রি কলেজের প্রভাষক মাসুদুর রহমান টিটু (৪৮) এবং আদমদীঘি উপজেলার পশ্চিম ছাতনী গ্রামের আইটি বিশেষজ্ঞ বেনজুর আহমেদ (২৮)।

বগুড়ার পুলিশ সুপার আলী আশরাফ ভুইয়া জানান, সাইবার পুলিশের মনিটরিং সেল একটি ফেসবুক অ্যাকাউন্ট শুভেচ্ছা রহমান এবং একটি ফেসবুক পেজ সুন্দর ও বিস্ময়কর ভিডিও অপটাইম টিভি থেকে গুজব ছড়ানোর তথ্য ও প্রমাণ পায়।

শুভেচ্ছা রহমান ফেসবুক অ্যাকাউন্ট থেকে বলা হয়, ভারতীয় গোয়েন্দা সংস্থা ‘র’-এর মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের মানুষকে গুম করাচ্ছেন। সুন্দর ও বিস্ময়কর ভিডিও অপটাইম টিভিতে বলা হয়, পদ্মা সেতু তৈরিতে হাজার হাজার মানুষের মাথা প্রয়োজন। সাইবার ইউনিটের পক্ষ থেকে তদন্তকালে আরও দেখা যায় যে, শুভেচ্ছা রহমান ফেসবুক অ্যাকাউন্টের প্রোফাইলজুড়ে বিভিন্ন ধরনের

উসকানিমূলক পোস্ট রয়েছে। সরকারকে নিয়ে নানা ধরনের কটুক্তিও রয়েছে। পুলিশকে গালিগালাজ করাসহ নানা ধরনের ছবি ও ভিডিও শেয়ার করা হয়েছে। যেসব পেজ বেশি শেয়ার হয়েছে, তার মধ্যে হাসিনার পতন চাই ও বাঁশের কেল্লা অন্যতম।

বগুড়া সাইবার ক্রাইমের পরিদর্শক এমরান মাহমুদ তুহিন জানান, শুভেচ্ছা রহমান অ্যাকাউন্টের আসল নাম মাসুদুর রহমান টিটু। আর সুন্দর ও বিস্ময়কর ভিডিও অপটাইম টিভি পেজের অ্যাডমিন হলেন আইটি বিশেষজ্ঞ বেনজুর আহমেদ। নিজ নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করার পর জিজ্ঞাসাবাদে তারা অপরাধের কথা স্বীকার করেন। পরে তাদেরকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়।

advertisement